এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান — ৭০

*দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১.▶**

সামাজিক চুক্তি মতবাদ ▶▶ রাষ্ট্র ▶▶ বল প্রয়োগ মতবাদ

ক. পৌরনীতিকে কোন ধরনের বিজ্ঞান বলা হয়? ১

খ. বাংলাদেশের সরকার ব্যবস্থা কেমন? ২

গ. রাষ্ট্র গঠনে উপরিউক্ত মতবাদ দুটির মধ্যে তুমি কোনটির পক্ষে সমর্থন দিবে এবং কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বর্তমান রাষ্ট্র হল বল প্রয়োগ ও সম্মতির সমন্বয়'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** জনাব রহিম শিকদার বাংলাদেশের নাগরিক। তিনি রাষ্ট্রের প্রতি অনুগত। তিনি প্রতি বছর কর প্রদান করেন। সমাজ ও রাষ্ট্রের নিয়ম-কানুন মেনে চলেন।

ক. স্বাধীনতার রক্ষা কবচ কোনটি? ১

খ. জন্মসুত্রে কীভাবে নাগরিক হওয়া যায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রহিম শিকদার রাষ্ট্রের প্রতি যে ধরনের কর্তব্য পালন করেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জনাব রহিম শিকদার এ ধরনের কর্তব্য পালন করেন বলে রাষ্ট্রের কাছে তার অনেক অধিকার আছে'— কথাটি বিশ্লেষণ কর। ৪

**৩.▶** শাহেদার স্বামী একজন দরিদ্র কৃষক। একদিন শাহেদা বাবার বাড়ি যেতে চাইলে স্বামী তাতে বাধা হয়ে দাঁড়ায়। এমনকি গত ইউনিয়ন নির্বাচনে স্বামীর পছন্দের প্রার্থীকে ভোট না দেওয়ায় তাকে মার খেতে হয়। এভাবে স্বাধীন দেশের শাহেদাকে পরাধীনতার শিকলে বেঁধে রাখে তার স্বামী।


ক. আইন কী? ১

খ. আইনের শাসনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. আলোচ্য উদ্দীপকে শাহেদার স্বাধীনতার যে সকল দিক খর্ব হয়েছে তা আলোচনা কর। ৩

ঘ. স্বাধীন দেশের স্বাধীনতা রক্ষায় তোমার সুপারিশ তুলে ধর। ৪

**৪.▶**




Teachingbd.com

ক. চীন কোন ধরনের রাষ্ট্র? ১
খ. সমাজতান্ত্রিক রাষ্ট্রের পরিচয় দাও। ২
গ. ছকটিতে কোন রাষ্ট্রের কথা বলা হয়েছে? তার স্বরূপ উপস্থাপন কর। ৩
ঘ. 'জনগণের কল্যাণই উক্ত রাষ্ট্রের প্রধান উদ্দেশ্য'— তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৫.▶ একদিন স্যার ক্লাসে বললেন ব্রিটিশরা এক সময় আমাদের শাসন করত। বাংলাদেশ ব্রিটিশদের উপনিবেশ ছিল। আমরা ব্রিটিশদের আমলাতান্ত্রিক শাসন ব্যবস্থা গ্রহণ করেছি। কিন্তু ব্রিটেনের সংবিধানের সাথে আমাদের সংবিধানের ভিন্নতা রয়েছে। তিনি আরও বলেন বিভিন্ন দেশের সংবিধান ভিন্ন ভিন্ন রূপে গড়ে ওঠে।

ক. ম্যাগনাকার্টা কী? ১
খ. যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় লিখিত সংবিধান অধিকতর উপযোগী কেন? ২
গ. ব্রিটেনে কোন ধরনের সংবিধান প্রচলিত রয়েছে? তা বর্ণনা কর। ৩
ঘ. 'উদ্দীপকে বর্ণিত ব্রিটেনের সংবিধানের তুলনায় বাংলাদেশের সংবিধানের প্রকৃতি সম্পূর্ণ ভিন্নরূপ— যুক্তি দাও। ৪

৬.▶




Teachingbd.com

ক. জাতীয় সংসদে কত দিনের মধ্যে পরবর্তী অধিবেশন অনুষ্ঠিত হয়? ১
খ. বিভাগীয় কমিশনারের কার্যাবলি বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থার কোন বিভাগটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিভাগটির কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

৭.▶ বদিউজ্জামান একটি সংগঠনের সদস্য। তার সংগঠন বিভিন্নভাবে সরকারের সমালোচনা করে। বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করে। সংগঠনটির উদ্দেশ্য সরকারের ভুলত্রুটি জনগণের সামনে তুলে ধরা এবং আগামী নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন করা।

ক. রাজনৈতিক দল কী? ১
খ. চাপ সৃষ্টিকারী গোষ্ঠী বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বদিউজ্জামানের সংগঠনটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. বদিউজ্জামানের সংগঠনটি কীভাবে জনগণের অধিকার নিশ্চিত করতে পারে? মতামত দাও। ৪

৮.▶ জনাব শাহজাহান খান স্থানীয় সরকারের সর্বোচ্চ স্তরের প্রধান ব্যক্তি। তিনি জনগণের সরাসরি ভোটে নির্বাচিত। এলাকার উন্নয়নে তার ভূমিকা

অনেক। ২০০০ সালের আইন অনুযায়ী তার সরকার গঠিত হয়।

ক. বাংলাদেশে মোট কয়টি ইউনিয়ন পরিষদ রয়েছে? ১

খ. প্রত্যক্ষ নির্বাচন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের জনাব শাহজাহান খান বাংলাদেশের কোন স্থানীয় সরকারের প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩

ঘ. এলাকার উন্নয়নে উক্ত স্থানীয় সরকারের অনেক দায়-দায়িত্ব ও কার্যাবলি রয়েছে— মতামত দাও। ৪

**৯.** ▶ রতন মোল্লা একজন নির্বাচিত স্থানীয় জনপ্রতিনিধি। তিনি জন্মনিবন্ধন ও নাগরিক সনদ প্রদান করেন। গ্রামীণ বিবাদ সমাধানে সক্রিয় ভূমিকা রাখেন। তারই গ্রামের স্কুল পড়ুয়া এক ছেলে এক কিশোরীকে পালিয়ে বিয়ে করেছে। এতে তিনি ক্ষুব্ধ হন এবং এ ধরনের বিবাহকে আমাদের দেশের জন্য এক মারাত্মক সমস্যা বলে মত দেন।

ক. পৃথিবীতে জনসংখ্যার দিক থেকে বাংলাদেশের জনসংখ্যার অবস্থান কত? ১

খ. খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রতন মোল্লার উল্লিখিত কাজটি কী জনসংখ্যা বৃদ্ধির অন্যতম একটি কারণ? আলোচনা কর। ৩

ঘ. 'গ্রামীণ জীবনে রতন মোল্লার ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ'— তুমি কি এই বক্তব্যের সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

**১.** ▶ ১৯৫২ ⏩ ১৯৫৪ ⏩ ? ⏩ ১৯৬৮ ⏩ ১৯৭১

ক. কত সালে সংবিধানে বাংলা ভাষা রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃত পায়? ১

খ. ২১ দফা কর্মসূচির উল্লেখযোগ্য দিকগুলো ব্যাখ্যা কর। ২

গ. ছকে '?' চিহ্নিত স্থানে সংঘটিত কর্মসূচি ছিল বাঙালি জাতির মুক্তির সনদ— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উল্লিখিত সালগুলোর ঘটনাপ্রবাহের হাত ধরেই বাংলাদেশ স্বাধীন হয়'— কথাটির যৌক্তিকতা তুলে ধর। ৪

**১১.** ▶ নিম্নে জাতিসংঘের গুরুত্বপূর্ণ দুটি শাখার কার্যাবলির তালিকা দেওয়া হল:

| 'ক' শাখা | 'খ' শাখা |
|---|---|
| ১। মহাসচিব নিয়োগ | ১। আন্তর্জাতিক বিরোধ মীমাংসা |
| ২। নতুন সদস্য গ্রহণ | ২। বিশ্ব শান্তি ও নিরাপত্তা রক্ষা |

ক. ওআইসি'র বর্তমান সদস্য সংখ্যা কত? ১

খ. নিরাপত্তা পরিষদের গঠন লেখ। ২

গ. উদ্দীপকে 'ক' ও 'খ' শাখা দ্বারা জাতিসংঘের কোন দুটি শাখাকে বোঝানো হয়েছে? তালিকায় উল্লিখিত কার্যাবলি ছাড়াও শাখা দুটির অন্যান্য কার্যাবলির বিবরণ দাও। ৩

ঘ. জাতিসংঘের উক্ত শাখা দুটি ছাড়া অন্যান্য শাখা সমূহের কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রাষ্ট্রের তিনটি বিভাগের মধ্যে বিচার বিভাগ একটি। বিচার বিভাগের প্রয়োজন—**
i. ন্যায়বিচার নিশ্চিত করার জন্য
ii. আইনের অনুশাসন ও দেশের সংবিধানকে অক্ষুণ্ন রাখার জন্য
iii. দক্ষ শাসন প্রতিষ্ঠার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২. নাগরিক সেবা প্রদানের জন্য স্থানীয় সরকার—**
i. আয়ের সনদপত্র সত্যায়িত করে
ii. জন্মনিবন্ধন সনদ প্রদান করে
iii. নাগরিক সনদ প্রদান করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৩. প্রধানমন্ত্রীকে কেন্দ্র করে বাংলাদেশের শাসনকার্য পরিচালিত হয়। কেননা তিনি—**
i. রাষ্ট্রপ্রধান ii. সরকারপ্রধান
iii. মন্ত্রিপরিষদের কেন্দ্রবিন্দু
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৪. যুক্তফ্রন্ট গঠিত হবার পেছনে কারণ হলো, মুসলিম লীগ—**
i. বাঙালিদের আস্থাভাজন হতে পারেনি
ii. এ দেশবাসীর সর্ব অধিকার কেড়ে নেয়
iii. উর্দুকে রাষ্ট্রভাষা করার কথা বলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৫. আন্তর্জাতিক বিরোধ মীমাংসার কাজ করে—**
i. নিরাপত্তা পরিষদ
ii. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ
iii. আন্তর্জাতিক আদালত
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii ও iii
গ i ও ii ঘ i ও iii

**৬. গণতান্ত্রিক রাষ্ট্রে রাজনৈতিক দল সম্পাদন করে—**
i. নির্বাচনের প্রস্তুতি সংক্রান্ত কাজ
ii. প্রার্থী মনোনয়ন সংক্রান্ত কাজ
iii. নির্বাচনি কর্মসূচি প্রণয়ন সংক্রান্ত কাজ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৭. নাগরিকের কর্তব্য হলো—**
i. রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা, আইন মান্য করা, রাষ্ট্রের সেবামূলক কাজে অংশগ্রহণ
ii. সুষ্ঠুভাবে ভোটাধিকার প্রয়োগ, নিয়মিত কর প্রদান, সন্তানদের সুশিক্ষা প্রদান
iii. আন্তর্জাতিক ক্ষেত্রে দায়িত্ব পালন
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

**৮. রাজনৈতিক সাম্য বলতে বোঝায়—**
i. সমান মতামত প্রকাশ করার অধিকার
ii. ভোট দেওয়ার অধিকার
iii. নির্বাচিত হওয়ার অধিকার
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

**৯. সংবিধান প্রণয়ন করার প্রয়োজন হয়—**
i. জনগণকে শান্ত করার জন্য
ii. জনগণের অধিকারকে স্বীকৃতি দেওয়ার জন্য
iii. স্বেচ্ছাচারী শাসক থেকে রাষ্ট্রকে রক্ষা করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
সুরুজ আলী ১৩ সদস্যবিশিষ্ট একটি স্থানীয় সরকারের প্রধান। তিনি সর্বদা সতর্ক থাকেন। কারণ কোনো অনিয়ম করলে ১০ জন সদস্য অনাস্থা প্রস্তাব এনে তাঁকে পদচ্যুত করতে পারেন।

**১০. সুরুজ আলী কোন স্থানীয় সরকারের প্রধান?**
ক ইউনিয়ন পরিষদ খ পৌরসভা
গ উপজেলা পরিষদ ঘ জেলা পরিষদ

**১১. উক্ত সংস্থার কাজের বিশেষত্ব হলো—**
i. বসবাসের অযোগ্য বাড়ি ধ্বংস করার নির্দেশ প্রদান
ii. অশিক্ষিত বয়স্ক নারী-পুরুষের জন্য শিক্ষার ব্যবস্থা করা
iii. ১০ হাজার টাকা পর্যন্ত দেওয়ানি মামলা পরিচালনা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ i ও ii ঘ ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
স্বাধীনতা মানুষের কাছে অতিপ্রিয়। স্বাধীনতার জন্য মানুষ যে কোনো ত্যাগ স্বীকার করতে প্রস্তুত। স্বাধীনতা রক্ষা করার যত পদ্ধতিই থাকুক না কেন, সুষ্ঠু জনমত এবং রাজনীতি সচেতন জনগণই স্বাধীনতা রক্ষার শ্রেষ্ঠ কবচ।

**১২. স্বাধীনতার রক্ষাকবচ হিসেবে বিবেচ্য হতে পারে—**
ক জনমত খ আইন
গ ধর্মীয় অনুশাসন ঘ শিল্পনীতি

**১৩. স্বাধীনতার রক্ষাকবচ হিসেবে বিবেচ্য হতে পারে—**
i. ক্ষমতা স্বতন্ত্রীকরণ ও বিচার বিভাগের স্বাধীনতা
ii. গণসচেতনতা ও আইনের শাসন
iii. শিক্ষার প্রসার ও সংবাদপত্রের স্বাধীনতা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

teachingbd.com

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
পলাশ ও রোশনী তিন সন্তান নিয়ে বাংলাদেশে বসবাস করছেন। তাদের সন্তানের নাম-রিপা, তোপা ও রায়হান। রিপা এ দেশে জন্মগ্রহণ করে কিন্তু অপর দুজন মার্কিন যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করে সেই রাষ্ট্রের নাগরিকতা পেয়েছেন। সেই সুবাদে পলাশ ও রোশনী যুক্তরাষ্ট্রের নাগরিকতা পেয়েছেন।

**১৪. তোপা ও রায়হানের মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকতা অর্জনের ক্ষেত্রে কোন নীতির অনুসরণ করা হয়েছে?**
ⓚ জন্মসূত্র ⓚ জন্মনীতি
ⓖ জন্মস্থান নীতি ⓖ অনুমোদন সূত্র

**১৫. জন্মস্থান নীতি অনুযায়ী সন্তান যে রাষ্ট্রে জন্মগ্রহণ করবে সে সেই রাষ্ট্রের নাগরিক হবে। এক্ষেত্রে সে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হবে যিনি—**
i. মার্কিন যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করবেন
ii. মার্কিন জাহাজে জন্মগ্রহণ করবেন
iii. মার্কিন দূতাবাসে জন্মগ্রহণ করবেন
**নিচের কোনটি সঠিক?**
Ⓚ i Ⓑ i ও ii
Ⓖ ii ও iii Ⓓ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
ক- দেশের সরকারব্যবস্থা

| | |
|---|---|
| ১. সকল শাসনতান্ত্রিক ক্ষমতার অধিকারী। | ১. X ইউনিটের এজেন্ট হিসেবে কাজ করা। |
| ২. দেশ পরিচালনার নির্দেশনা প্রদান। | ২. নির্দেশিত কাজ বাস্তবায়ন করা। |
| ৩. বিভিন্ন অঞ্চলে বিভক্ত করে ক্ষমতা বণ্টন। | ৩. X নির্দেশিত নিয়ন্ত্রণে থাকে Y ইউনিট। |

**১৬. 'ক' রাষ্ট্রে কোন ধরনের সরকারব্যবস্থা বিদ্যমান?**
ⓚ যুক্তরাষ্ট্রীয় ⓚ এককেন্দ্রিক
ⓖ সমাজতান্ত্রিক ⓖ রাজতান্ত্রিক

**১৭. উক্ত সরকারব্যবস্থা—**
i. 'Y' ইউনিটটি আঞ্চলিক সরকার হিসেবে কাজ করেছে
ii. 'X' ইউনিটটি 'Y' ইউনিটের ক্ষমতা ফিরিয়ে দিতে পারে
iii. 'X' ইউনিটটি 'ক' রাষ্ট্রের সকল ক্ষমতার উৎস
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
শিক্ষক ক্লাসে রাষ্ট্রের উৎপত্তি সংক্রান্ত এমন একটি মতবাদ নিয়ে আলোচনা করছিলেন, যে মতবাদের প্রবর্তক ছিলেন তিনজন। এ মতবাদ অনুযায়ী রাষ্ট্র সৃষ্টির পূর্বে মানুষ প্রকৃতির রাজ্যে বসবাস করত।

**১৮. অনুচ্ছেদে শিক্ষক কোন মতবাদকে ইঙ্গিত করেছেন?**
ⓚ ঐশী ⓚ সামাজিক চুক্তি
ⓖ বল বা শক্তি প্রয়োগ ⓖ ঐতিহাসিক

**১৯. উক্ত মতবাদ অনুযায়ী মানুষ প্রকৃতির রাজ্যের অরাজকতাপূর্ণ অবস্থা থেকে মুক্তি পাওয়ার জন্য—**
i. নিজেদের মধ্যে চুক্তির মাধ্যমে রাষ্ট্র সৃষ্টি করে
ii. নিরাপত্তার বিনিময়ে নিজেদের শাসন করার জন্য স্থানীয়ভাবে শাসকের ওপর ক্ষমতা অর্পণ করে
iii. শাসক তার খেয়াল খুশিমত শাসনকার্য পরিচালনার ক্ষমতা অর্পণ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২০. কোন দেশে অধিকাংশ আইন প্রথার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে?**
ⓚ স্পেনে ⓚ ব্রিটেনে
ⓖ ভারতে ⓖ জার্মানিতে

**২১. ডাস্টবিন নির্মাণ পৌরসভার কোন ধরনের কাজ?**
ⓚ উন্নয়নমূলক ⓚ জনস্বাস্থ্যমূলক
ⓖ শান্তিপূর্ণ পরিবেশ রক্ষা সংক্রান্ত
ⓖ সৌন্দর্য রক্ষা সংক্রান্ত

**২২. 'দ্বিজাতিতত্ত্ব' কে ঘোষণা করেন?**
ⓚ এ কে ফজলুল হক ⓚ মহাত্মা গান্ধী
ⓖ মোহাম্মদ আলী জিন্নাহ
ⓖ হোসেন শহীদ সোহরাওয়ার্দী

**২৩. ক্ষমতার উৎসের ভিত্তিতে গৃহীত রাষ্ট্রব্যবস্থা কোনটি?**
ⓚ সমাজতান্ত্রিক ⓚ পুঁজিবাদী
ⓖ রাজতান্ত্রিক ⓖ গণতান্ত্রিক

**২৪. বাংলাদেশের চতুর্থ সংশোধনীর প্রধান বৈশিষ্ট্য কী?**
ⓚ রাষ্ট্রপতি শাসিত সরকারব্যবস্থা প্রবর্তন
ⓚ রাষ্ট্রীয় মূলনীতির পরিবর্তন
ⓖ সংসদীয় সরকারব্যবস্থা বিলুপ্তকরণ
ⓖ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্তকরণ

**২৫. মৌলিক গণতন্ত্র আদেশ ঘোষণা করেন কে?**
ⓚ জেনারেল আইয়ুব খান
ⓚ জেনারেল ইস্কান্দার মির্জা
ⓖ নুরুল আমিন ⓖ খাজা নাজিম উদ্দিন

**২৬. নাগরিক ও নাগরিকতার ধারণার উদ্ভব হয় কখন?**
ⓚ প্রায় ২০০০ বছর পূর্বে
ⓚ প্রায় ২৫০০ বছর পূর্বে
ⓖ প্রায় ৩০০০ বছর পূর্বে
ⓖ প্রায় ৪০০০ বছর পূর্বে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
আরিফাদের আট ভাইবোনের সংসার এবং সিথীরা ২ ভাই বোন। আরিফাদের পরিবারের প্রায়ই খাবারের অভাব দেখা দেয় এবং সংসারে অশান্তি লেগে থাকে। আরিফার ভাইবোনেরা পড়াশোনার ভালো সুযোগ পায় না। পক্ষান্তরে সিথী ও তার ভাই ভালোভাবে পড়ালেখার সুযোগ পাচ্ছে এবং তাদের সংসারে সর্বদা সচ্ছলতা বিরাজ করছে।

**২৭. আরিফাদের অবস্থা মূলত কোন সমস্যাকে চিহ্নিত করছে?**
ⓚ জনসংখ্যা ⓚ নিরক্ষরতা
ⓖ দারিদ্র্যতা ⓖ সচেতনতার অভাব

**২৮. উক্ত সমস্যা সমাধানকালে কোন পদক্ষেপটি সর্বপ্রথম গ্রহণ করা উচিত?**
ⓚ উচ্চ জন্মহার রোধ ⓚ জনসংখ্যার পুনর্বণ্টন
ⓖ জনশক্তির রপ্তানি ⓖ আয় পুনর্বণ্টন

**২৯. কখন পাকিস্তান ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে?**
ⓚ ২৫ মার্চ ১৯৭১ ⓚ ৭ মার্চ ১৯৭১
ⓖ ৩ আগস্ট ১৯৭১ ⓖ ৩ ডিসেম্বর ১৯৭১

**৩০. সার্ক কত কোটি মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতীক?**
ⓚ ১০০ ⓚ ১২০
ⓖ ১৪০ ⓖ ১৫০

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ঘ |

http://teachingbd.com